

উপজেলা আইসিটি বিষয়ক কমিটি সভার কার্যবিবরণ

সভার তারিখ: ০২/১২/২০১৫ খ্রি: রোজ- রবিবার সময় : বিকাল ৩:০০ ঘটিকায়

সভার স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

কাপাসিয়া, গাজীপুর

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর কমিটির সদস্য-সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে গত ৮/১১/২০১৫ এর সভার কার্যবিবরণ পাঠ করে শুনানোর জন্য অনুরোধ করেন। সদস্য সচিব কার্যবিবরণ পাঠ করে শুনানোর পর তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

গত সভার সিদ্ধান্ত মোতাবেক সদস্য-সচিব উপজেলায় ৫৩টি স্কুল, ৩০টি মাদরাসা ও ৬টি কলেজ ও ২টি কারিগরী কলেজে মাল্টিমিডিয়া ক্লাশরুম পরিচালনা এর জন্য প্রয়োজনীয় উপকরণ আছে। কিন্তু প্রয়োজনীয় অবকাঠামো না থাকতে ক্লাশরুম পরিচালনা করা শিক্ষা প্রতিষ্ঠানের জন্য একটি চ্যালেঞ্জ হিসেবে দাঁড়িয়ে আছে।

তারপর একজন সম্মানিত সদস্য প্রস্তাব করেন, যে সব প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশরুম পরিচালনার জন্য উপকরণ নাই তার একটি তালিকা আগামী সভায় উপস্থাপন করার জন্য; তাঁর এ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

অন্য একজন সদস্য প্রস্তাব করেন আগামী জানুয়ারী-২০১৬ থেকে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সংগে ই-মেইলে যোগাযোগের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সক্রিয় ই-মেইল ঠিকানা আগামী সভায় উপস্থাপন করার জন্য। তাঁর প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আনিসুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
কাপাসিয়া, গাজীপুর

স্মারক নং- উমাশিঅ/কাপা/গাজী

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। জেলা প্রশাসক, গাজীপুর।

২। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর

৩। জনাব সদস্য, উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, কাপাসিয়া।

৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার কাপাসিয়া, গাজীপুর।

৫। অফিস নথি।

তারিখ:

মো: আবুল কালাম আজাদ
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও সদস্য-সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
কাপাসিয়া, গাজীপুর